

৫৩

ক্যাম্পাসে কালো পতাকা মিছিল সংঘর্ষ, গুলি

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

বাংলা একাডেমির বইমেলা উদ্বোধন করতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার আগমনকে কেন্দ্র করে গতকাল ঢাঃ বিঃ ক্যাম্পাস ছাত্রদল কালো পতাকা মিছিল করেছে। এ সময় ক্যাম্পাস ও এর পার্শ্ববর্তী এলাকায় পুলিশের সঙ্গে বিএনপি ও ছাত্রদল নেতা-কর্মীদের মধ্যে বিচ্ছিন্নভাবে সংঘর্ষ হয়েছে। গুলি ও বোমা বিস্ফোরণ হয়েছে। পুলিশসহ আহত হয়েছে কমপক্ষে ১৫ জন।

গতকাল সকালে ছাত্রদলের মিছিল কলাভবন থেকে টিএসসি যাওয়ার পথে ডাকসু ভবনের সামনে পুলিশ বাধা দেয়। এ সময় পুলিশের সঙ্গে সংঘর্ষ শুরু হয়। পুলিশ মৃদু লাঠিচার্জ করে। ছাত্রদল নেতা মঞ্জুর এলাহী, সগীর আহমেদ ও শাম্মী আক্তারসহ ৪/৫ জন আহত হন।

একই সময় চাখারপুল এলাকায় পুরনো ঢাকার বিএনপি ও ছাত্রদল নেতা-কর্মীরা একটি বিস্ফোড মিছিলসহ ক্যাম্পাসে আসতে চাইলে পুলিশ তাদেরকে বাধা দেয়। এ সময় তাদের সাথেও পুলিশের সংঘর্ষ বাধে। বিএনপি ও ছাত্রদল কর্মীরা ৪/৫ রাউন্ড গুলি ও ১০/১৫টি বোমা নিক্ষেপ করে। তারা কয়েকটি গাড়িও ভাঙচুর করে। বোমার আঘাত ও ছাত্রদল কর্মীদের হামলায় লালবাগ থানার ওসি মীর নাসির উদ্দিন, কনস্টেবল নাসিমসহ ৪ জন পুলিশ, বিডিআর জোয়ান নজরুল ইসলাম, তার স্ত্রী ও শিশু কন্যা আহত হন। দুজন রিকশাচালক আহত হয়। পুলিশের লাঠিচার্জে আহত হয় ছাত্রদল কর্মী খোকন, জামান, সাকিবসহ ৫/৬ জন।

এছাড়া শাহবাগ এলাকায় ৫/৬টি বোমা ও ৪/৫ রাউন্ড গুলির শব্দ শোনা যায়। বোমার আঘাতে আহত হয় হাজারত আলী ও রশীদ নামে দুজন পথচারী। আহতদের অনেকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসা নেয়। এছাড়া অনেকে নগরীর বিভিন্ন ক্লিনিকে ভর্তি হয়েছে।

বিএনপি ঢাকা মহানগর শাখার আহ্বায়ক সাদেক হোসেন খোকা গতকাল এক বিবৃতিতে বলেছেন, ছাত্র লীগের সন্ত্রাসীদের সাহায্যদাতা পুলিশ ছাত্রদলের প্রতিবাদী নেতা-কর্মীদের উপর বর্বরোচিত হামলা চালিয়েছে। তাদেরকে মারাত্মক আহত করেছে।

অপর এক বিবৃতিতে বিএনপির মহাসচিব আবদুল মান্নান ভূঁইয়া বলেছেন, গণবিচ্ছিন্ন বর্তমান সরকার গণআন্দোলনে ভীত হয়ে আন্দোলন দমন করতে হামলা-নির্যাতনের যে পথ বেছে নিয়েছে তা সার্বিক রাজনৈতিক পরিস্থিতিতে অস্থিতিশীল করে তুলছে। তিনি হামলা-মামলা বন্ধ করে ৪ দফা মেনে নেয়ার দাবি জানান।



বাংলা একাডেমিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার আগমনের প্রতিবাদে ছাত্রদল ক্যাম্পাসে কালো পতাকা মিছিল করে

—সংবাদ



গতকাল শুক্রবার বাংলা একাডেমিতে গ্রন্থমেলায় উদ্বোধনী অনুষ্ঠানে নিরাপত্তার জন্য আনা হয় বিডিআর সদস্যদের। কিন্তু রিকুইজিশন করা গাড়ি কিছুতেই স্টাট নিচ্ছিল না। অবশেষে 'দাও ঠালা'

—সংবাদ